

## উদ্দেশ্য

আমরা বিশ্বাস করি যে বিভিন্ন ধর্মাবলম্বী মানুষদের মধ্যে উন্মুক্ত এবং সহৃদয় সংলাপ প্রত্যেকটা মানুষের জন্য লাভজনক , বিশেষ করে খ্রীষ্টিয় বিশ্বাসীদের জন্য। আমাদের লক্ষ্য হচ্ছে এক অংগন যোগান দেওয়া যেখানে হিন্দু ধর্মের তত্ত্ব এবং খ্রীষ্টিয় বিশ্বাসীদের ধর্ম সম্বন্ধীয় দৃষ্টিকোণ ও খ্রীষ্টিয় বিশ্বাসের বৈশিষ্ট্য যা বাইবেলে লেখা আছে সেইগুলি যেন উপস্থাপিত হয়। আমরা চাই যারা আত্মিক ভাবে ব্যাক্ত তারা যেন হিন্দু ধর্মের ধারণাগুলিকে পড়তে, সেইগুলির বিষয় চিন্তা করতে এবং বাইবেলের সঙ্গে পার্থক্যকে তুলনা করতে সক্ষম হয়।

আমাদের লক্ষ্য হল আলোচনার প্রথমেই যে মূল বিষয় আছে তা দিয়ে শুরু করা, তাদেরই জন্য যারা হিন্দু এবং খ্রীষ্টিয় বিশ্বাসের বিষয় জানেনা। কাউকে আত্মিক ভাবে হিন্দু থেকে খ্রীষ্টিয় বিশ্বাসীতে রূপান্তরিত করা এই ওয়েব সাইটের লক্ষ্য নয়। কিন্তু এই সাইটের লক্ষ্য হচ্ছে খ্রীষ্টিয় বিশ্বাসের ভাবনা ও সত্যগুলোকে হিন্দুদের কাছে এবং অন্তর্দ্বন্দ্বীদের কাছে তুলে ধরা এবং একই ভাবে হিন্দু ভাবনাকে খ্রীষ্টিয় বিশ্বাসীদের কাছে তুলে ধরা, যার দ্বারা তাদের হিন্দু ধর্ম ও খ্রীষ্টিয় বিশ্বাসের বিষয় আরও বোধগম্য হয়।

অন্য কোন একটা ধর্ম বা বিশ্বদর্শনকে সত্যিকারে বুঝতে পারার যে মূল্য আছে তা অন্য কোন একটি ভাষা শেখার মূল্যের সঙ্গে আমরা তুলনা করতে পারি। আমরা কেবলমাত্র বিভীন্ন ব্যাকরণ শাস্ত্র ও শব্দ সম্পদ দিয়েই বিশ্বকে বুঝতে পারি। কিন্তু আমরা আমাদের নিজেদের মাতৃভাষাকেও ভাল করে বুঝতে আরম্ভ করি। সুতরাং এটা আমাদের বিশ্বাস যে এই অনুসরণ প্রত্যেককে লাভবান হতে সাহায্য করবে, যারা এই সাইটে পড়তে ও শিখার জন্য আসবেন।

এই ওয়েব সাইট আন্তরিক উৎসাহিত ব্যক্তিদের সত্যিকারের চিন্তা ধারা ও হিন্দু বিশ্বাসের সংলাপ রক্ষা করার জন্য পরিকল্পিত করা হয়েছে। আমাদের লক্ষ্য হচ্ছে উচ্চমানের গুণগত আলচ্য বিষয়বস্তুকে তুলে ধরা। অপ্রয়োজনীয় প্রজ্ঞক ছাড়াই আমরা এই চিন্তাধারাগুলিকে তুলে ধরতে চাই। আমরা সেই সকল খ্রীষ্টিয় বিশ্বাসীদের লেখার বিষয়বস্তুকে অনুসরণ করছি যারা হিন্দু ধর্মের বিষয় বিশেষ জ্ঞান অর্জন করে হিন্দুদের কাছে কথা বলার জন্য অনুমোদিত হয়েছেন। আমরা একই ভাবে সেই সকল হিন্দুদের লেখার বিষয়বস্তুগুলিকে গ্রহণ করতে চাই যাদের খ্রীষ্টিয় বিশ্বাস ও ধারণাগুলির বিষয় সঠিক বোধগম্য আছে। আমরা সেই সকল ধারণাগুলিকে প্রস্তুত করতে চাই যেগুলি আত্মিক বোধগম্য অশ্রেয়কারীদের জন্য আকর্ষণীয় এবং প্রজ্ঞামূলক ভাবে সঠিক।